# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ঢাশিবো/বি/৫৪২/নতুন/ঢাকা/ ৬৭৫ তারিখ : ০৪/০৮/২৬

বিষয় : **নিম্ন মাধ্যমিক (৬ষ্ঠ-৮ম) পর্যায়ে ইংরেজি ভার্সনে পাঠদানের অনুমতি প্রদান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সাফির আইডিয়াল স্কুল এন্ড কলেজ-এ প্রচলিত সাধারণ শর্তে ০১/০১/২০২৬ ইং তারিখ হতে বাংলা ভার্সনের পাশাপাশি ইংরেজি ভার্সনে পাঠদানসহ রেজিস্ট্রেশন কার্যক্রম গ্রহনের অনুমতি প্রদান করা হলো।

**শর্তসমূহ**

১। এই প্রাথমিক অনুমতিকে কোনক্রমেই বিদ্যালয়ের স্বীকৃতি হিসাবে গণ্য করা যাবে না;

২। বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের নাম অনলাইনে রেজিস্ট্রেশন করতে হবে এবং ইংরেজি ভার্সন চিহ্নিত করতে হবে।

৩। বিদ্যালয় প্রতিষ্ঠা ও পরিচালনার সাথে সরকারের কোনো আর্থিক সংশ্লেষ থাকবে না;

৪। ব্যক্তি নামে প্রতিষ্ঠানের নামকরণের ক্ষেত্রে মন্ত্রণালয়ের ৩০/১০/২০২২ তারিখের প্রজ্ঞাপনের আলোকে নিম্নমাধ্যমিক স্তরের জন্য ২৫,০০,০০০ (পঁচিশ লক্ষ) টাকা যৌথনামে [(১) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/ ম্যানেজিং কমিটির সভাপতি (২) জেলা শিক্ষা অফিসার] প্রতিষ্ঠানের সংরক্ষিত তহবিলে জমা রাখতে হবে, যা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অনুমোদন সাপেক্ষে প্রতিষ্ঠানের উন্নয়নমূলক কাজে ব্যয় করা যাবে;

৫। বিদ্যালয়ের জেএসসি পরীক্ষার্থী ও ফলাফল সন্তোষজনক পর্যায়ে উন্নীত হলে নিম্ন মাধ্যমিক একাডেমিক স্বীকৃতি প্রদানের বিষয়ে বিবেচনা করা হবে;

৬। সরকারি নির্দেশনা অনুযায়ী এবং এনসিটিবি কর্তৃক নির্ধারিত পাঠক্রম অনুসরণ করতে হবে;

৭। সরকারি নীতিমালা অনুযায়ী (নিবন্ধনকৃত) শিক্ষক নিয়োগ করতে হবে এবং প্যাটার্ণ বহির্ভূত কোন শিক্ষক নিয়োগ করা যাবে না;

৮। বিদ্যালয়ের শিক্ষারমান উন্নীত করার জন্য শিক্ষকগণকে পাঠভিত্তিক পাঠপরিকল্পনা গ্রহণ করে শ্রেণিকক্ষে পাঠদান করতে হবে;

৯। বিদ্যালয়ের লেখাপড়ার পাশাপাশি সহ-পাঠক্রমিক কার্যক্রম (বার্ষিক ক্রীড়ানুষ্ঠান, সাহিত্য ও সাংস্কৃতিক বিষয়ক অনুষ্ঠান, গাইডিং ইত্যাদি) পরিচালনা করতে হবে;

১০। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে;

১১। বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক বিভিন্ন ফি এর অতিরিক্ত আদায় করলে এ আদেশ বাতিল হয়ে যাবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাক্ষরিত/-
**প্রফেসর ড. মো: মাসুদ রানা খান**
**আইডি নং-০১৭৪৪২**
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন: ০২-৫৮৬১০০৬৯
ইমেইল: is@dhakaeducationboard.gov.bd

প্রাপক: **অধ্যক্ষ**
সাফির আইডিয়াল স্কুল এন্ড কলেজ (EIIN-137786)
পো: আজিমপুর, থানা- লালবাগ
ঢাকা।

মেমো নং- ৬৭৫(৯) তারিখ : ০৪/০৮/২৬

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

২। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।

৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

৪। জেলা প্রশাসক, ঢাকা।

৫। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।

৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য)।

৭। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।

৮। সভাপতি, পরিচালনা কমিটি, সাফির আইডিয়াল স্কুল এন্ড কলেজ

৯। পি.এস.-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

১০। অফিস কপি।

4.8.26

**বিদ্যালয় পরিদর্শক**
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

০৪/০৮/২৬